মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
টেলিফোন : ০৪৬৬২-৭৫৩৪৫
ফ্যাক্স : ০৪৬৬২-৭৫২২৪
ই-মেইল : da@ mpa.gov.bd
ওয়েব সাইট : www. mpa.gov.bd

নং-১৮.১৪.০১৫৮.১২৪.২৭.০৪৩.২০১৭-৫৫৯ ০৫ মার্চ ২০১৭ খ্রিঃ।

বিষয় : সরকারের নির্বাচনী অংগীকার ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পত্র নং-১৮.০১১.০৪৫.০০.০০.০০১.২০১০(অংশ-৩)-১০৬৯, তারিখ : ২৮/০৬/২০১২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বর্তমান সরকারের নির্বাচনী অংগীকার এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মোংলা বন্দর সংশ্লিষ্ট প্রতিশ্রুতিসমূহের হালনাগাদ তথ্যাদিসহ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফেব্রুয়ারী-২০১৭ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আদিষ্ট হয়ে অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনানুযায়ী ২ (দুই) পাতা।

স্বাক্ষরিত/ ৫/৩/১৭
পরিচালক (প্রশাসন)

সচিব
নৌ - পরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি :

১। জনাব আবদুছ ছাত্তার শেখ, উপ-সচিব (মোংলা বন্দর শাখা)
নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জনাব এস. এম. শফিক, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মোংলা বন্দর সংশ্লিষ্ট প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য (ফেব্রুয়ারী-২০১৭) ।

মন্ত্রণালয়/বিভাগ : নৌ-পরিবহন মন্ত্রণালয়

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	কোথায় বা কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি প্রদানের তারিখ	প্রতিশ্রুতি বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি।	প্রতিশ্রুতি বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা /সমস্যা যদি থাকে।	মন্তব্য
১.	পদ্মা সেতুর সাথে মোংলা বন্দরের যোগাযোগ স্থাপন, মোংলা বন্দরের কার্যকর ব্যবহার এবং বাংলাদেশের দক্ষিণাঞ্চলের সার্বিক উন্নয়নের জন্য একটি ধারণাপত্র/ প্রকল্প সারপত্র তৈরী করে অবিলম্বে পেশ করবে।	প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতা সংক্রান্ত কমিটির সভা	সভার তারিখ ২৬-০৮-২০০৯	মোংলা বন্দর কর্তৃপক্ষ।	**মোংলা বন্দরের কার্যকর ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে গৃহীত পদক্ষেপ :** মোংলা বন্দরের সার্বিক উন্নয়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং জাতীয় সংসদের নৌ-পরিবহণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বিভিন্ন সভার সুপারিশ ও নৌ-পরিবহন মন্ত্রণালয়ের নিয়মিত দিক নির্দেশনার পাশাপাশি মোংলা বন্দর কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গৃহীত হয়েছে। মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০০৯ হতে ২০১৬ পর্যন্ত ৩৩৮ কোটি ৯১ লক্ষ ৭৩ হাজার টাকা ব্যয়ে মোট ০৭ টি উন্নয়ন প্রকল্প এবং ০৪ টি উন্নয়ন কর্মসূচী সমাপ্ত হয়েছে। বর্তমানে ০৪ টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে এবং ০৮ টি উন্নয়ন প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচীর আওতায় গৃহীত/গৃহীতব্য উন্নয়ন কার্যক্রমের বিবরণ নিম্নরূপ : সম্পাদিত উন্নয়ন কার্যক্রম : ● মোংলা বন্দরে দ্রুত ও দক্ষতার সাথে কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং এর জন্য বিভিন্ন ধরনের ২২টি ইকুইপমেন্ট সংগ্রহ করা হয়। ● বন্দরে জাহাজ নিরাপদে আগমণ-নির্গমণের সুবিধার্থে জ্যাফর্ড পয়েন্টে লাইট টাওয়ার পুনঃনির্মাণ করা হয়েছে। ● দিবারাত্রি নির্বিঘ্নে জাহাজ আগমণ ও নির্গমনের জন্য ৬২টি বিভিন্ন ধরনের লাইটেড বয়াসহ বিভিন্ন নেভিগেশনাল যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। ● ১টি পাইলট বোট ও ১টি পাইলট ডেসপাচ বোট এবং আনুসঙ্গিক সুবিধাদিসহ ২টি কাটার সাকশান ড্রেজার সংগ্রহ করা হয়েছে। ● মোংলা বন্দরের জেটিতে ৭.৫ মিটার ড্রাফটের জাহাজ আনয়নের জন্য হারবার এলাকার বিভিন্ন স্থানে ৩৪.০৬ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে। মোংলা বন্দরের মাধ্যমে আমদানিকৃত গাড়ি রাখার জন্য সংযোগ সড়কসহ ২টি ইয়ার্ড নির্মাণ, ১৩ কিঃমিঃ রাস্তা মেরামত এবং ৮০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন ও বিতরণের জন্য সৌর প্যানেল স্থাপন করা হয়েছে।	কোন সমস্যা পরিলক্ষিত হয়নি। কোন সমস্যা পরিলক্ষিত হয়নি	

ক্রঃ	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	কোথায় বা কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি প্রদানের তারিখ	প্রতিশ্রুতি বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি।	প্রতিশ্রুতি বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা /সমস্যা যদি থাকে।	মন্তব্য
					<u>বাস্তবায়নাধীন প্রকল্প :</u> ১. কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ। প্রকল্পটির অধীনে ইতোমধ্যে ২২টি ইকুইপমেন্ট সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ৮টি ইকুইপমেন্ট মার্চ-২০১৭ এর মধ্যে মোংলায় পৌছাবে বলে আশা করা যায়। <u>অনুমোদিত নতুন প্রকল্প :</u> ১. মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ক্যাপিটাল ড্রেজিং । ২. মোংলা বন্দরের ২ টি অসম্পুর্ন জেটি নির্মান (পিপিপি’র আওতায়)। ৩. মোংলা বন্দরের জন্য নিসৃত তেল অপসারণকারী জলযান সংগ্রহ। ৪. স্ট্র্যাটেজিক মাস্টার প্লান ফর মংলা পোর্ট। <u>অনুমোদন প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ :</u> ১। মোংলা বন্দরের সুবিধাদি সম্প্রসারণ ও আধুনিকায়ন : ● মোংলা বন্দরে কন্টেইনার টার্মিনাল নির্মাণ। ● মোংলা বন্দরে কন্টেইনার ডেলিভারী ইয়ার্ড নির্মাণ। ● কন্টেইনার ইয়ার্ড নির্মাণ। ● বহুতল কার ইয়ার্ড নির্মাণ। ● পশুর চ্যানেলে ডুবন্ত রেক অপসারণ। ● অভ্যন্তরীণ রাস্তা চার লেন, প্রধান সড়ক ছয় লেনে উন্নীত করণ এবং বন্দরের প্রবেশ পথে (দিগরাজ) ও সংরক্ষিত এলাকায় দৃষ্টি নন্দন গেইট নির্মাণ। ● মোংলা বন্দরের জেটির নীচে জমায়িত পলি ভেঙ্গে পড়া রোধকরণ। ● মোবাইল এক্সরে কন্টেইনার স্ক্যানার সিষ্টেম প্রবর্তন। ২. মোংলা বন্দরের জন্য একটি ট্রেলিং সাকশান হপার ড্রেজার সংগ্রহ । ৩. মোংলা বন্দরের জন্য জলযান সংগ্রহ । ৪. ভেসেল ট্রাফিক ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম (ভিটিএমআইএস) প্রবর্তন। ৫. সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন ফর মোংলা পোর্ট। ৬. পশুর চ্যানেলের আউটার বারে ড্রেজিং। ৭. মোংলা বন্দর কর্তৃপক্ষের রুজভেল্ট জেটির বিদ্যমান অবকাঠামোর উন্নয়ন।	কোন সমস্যা পরিলক্ষিত হয়নি। কোন সমস্যা পরিলক্ষিত হয়নি	

ক্রঃ	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	কোথায় বা কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি প্রদানের তারিখ	প্রতিশ্রুতি বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি।	প্রতিশ্রুতি বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা /সমস্যা যদি থাকে।	মন্তব্য
					মোংলা বন্দরের সার্বিক উন্নয়নের লক্ষ্যে দক্ষিনাঞ্চলের নিম্নলিখিত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন : ১। মোংলা থেকে ঢাকা-মাওয়া পর্যন্ত সড়কটি চার লেনে উন্নীতকরণ করা প্রয়োজন। ২। পদ্মা সেতু হয়ে ঢাকা-মোংলা রেলওয়ে লাইন স্থাপন। ৩। রেলওয়ে কর্তৃপক্ষ কর্তৃক খুলনা-মোংলা রেলওয়ে লাইন স্থাপনের প্রক্রিয়াধীন আছে। কাজটি ত্বরান্বিত করা প্রয়োজন। ৪। পাইপ লাইনের মাধ্যমে মোংলা বন্দর এলাকায় শিল্প কারখানায় গ্যাস সংযোগ প্রদান করা প্রয়োজন। এতে মোংলা বন্দর এলাকায় ভারী, মাঝারী ও ক্ষুদ্র শিল্প স্থাপনে মোংলা বন্দর তথা অত্র অঞ্চলের প্রভূত উন্নতি সাধিত হবে। ৫। রপ্তানি প্রক্রিয়া অঞ্চল (EPZ) মোংলা এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (BEZA) মোংলা তে শিল্প কারখানা স্থাপনের কাজ আরো সম্প্রসারণ করা প্রয়োজন। ৬। মোংলা বন্দর তথা অত্র অঞ্চলের উন্নয়নের স্বার্থে খানজাহান আলী বিমান বন্দর নির্মান করা প্রয়োজন।		

ক্রঃ	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	কোথায় বা কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি প্রদানের তারিখ	প্রতিশ্রুতি বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি।	প্রতিশ্রুতি বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা / সমস্যা যদি থাকে।	মন্তব্য
২।	মোংলা উপজেলার পশুর নদী ড্রেজিং করা।	প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত আঞ্চালিক/ উপ-আঞ্চলিক সহযোগিতা সংক্রান্ত কমিটির সভা ও খুলনা জেলা সফরকালে খুলনা জেলা সম্মেলন কক্ষে	০৫/০৩/২০১১	মোংলা বন্দর কর্তৃপক্ষ	<u>পশুর নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং কার্যক্রমঃ</u> ● "পশুর চ্যানেলের হারবার এলাকায় ড্রেজিং" শীর্ষক প্রকল্পের অধীনে চ্যানেলের হারবার এলাকার বিভিন্ন স্থানে মোট ৩৪.০৬ লক্ষ ঘনমিটার, হিরন পয়েন্ট এর নীলকমলে ১.৫০ লক্ষ ঘন মিটার ড্রেজিং কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। ফলে স্বাভাবিক জোয়ারে ৭.৫ মিটার গভীরতার জাহাজ নির্বিঘ্নে বন্দরে আগমন-নির্গমন করতে পারছে। ● "মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ক্যাপিটাল ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি ১৬৬ কোটি ৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ১০-৫-২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অধীনে বন্দর জেটি হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত প্রায় ১৩ কিঃ মিঃ নদী ড্রেজিং করা হবে। উক্ত ড্রেজিং এর দরপত্রের কার্যক্রম চলমান আছে। ● মোংলা বন্দরের এ্যাংকরেজ এলাকায় ১০.৫ মিটার এর অধিক ড্রাফটের জাহাজ আনয়নের লক্ষ্যে আউটার বার এলাকায় ড্রেজিং এর জন্য ''পশুর চ্যানেলের আউটার বারে ড্রেজিং'' শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়নের জন্য হাতে নেয়া হয়েছে। প্রকল্পটির উপর গত ১৭/১১/২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী এবং সরকার কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী বাংলায় ডিপিপি প্রণয়ন করে গত ৩১/০১/২০১৭ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে । ● ক্যাপিটাল ড্রেজিং এর অর্জিত গভীরতা ধরে রাখার নিমিত্তে নিয়মিত ড্রেজিং কার্যক্রমের জন্য আনুসঙ্গিক সুবিধাদিসহ ২টি কাটার সাকশান ড্রেজার সংগ্রহ করা হয়েছে। এছাড়া, মোংলা বন্দরের ১৩১ কিঃমিঃ দীর্ঘ চ্যানেলের নাব্যতা সংরক্ষণের জন্য নিয়মিত ড্রেজিং কার্য পরিচালনার লক্ষ্যে চীন সরকারের অনুদানে ৩২০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে আনুষঙ্গিক সুবিধাদিসহ ''মোংলা বন্দরের জন্য একটি ট্রেলিং সাকশান হপার ড্রেজার সংগ্রহ '' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য হাতে নেয়া হয়েছে।		

স্বাক্ষরিত/ ৫/৩/১৭
পরিচালক (প্রশাসন)